৩০ অক্টোবর, ২০২৬

রমনায় ককটেল বিস্ফোরণের ঘটনায় ককটেলসহ দুইজন গ্রেপ্তার

LENS ASIA



ছবি: সংগৃহীত

রাজধানীর রমনায় ককটেল বিস্ফোরণের ঘটনায় দুইজনকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) রমনা মডেল থানা পুলিশ। শুক্রবার (৩০ অক্টোবর) সকালে হাতিরঝিল থানার মগবাজার নয়াটোলা এলাকার একটি বাসায় অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাঁদের কাছ থেকে চারটি তাজা ককটেল উদ্ধার করা হয়েছে।

ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার মো. আকতার হোসেন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন জাহিদুল ইসলাম অনিক (২১) ও শিহাব হোসেন আমি (১৯)। শুক্রবার সকাল আনুমানিক ৭টা ১৫ মিনিটে চেয়ারম্যান গলির একটি বাসায় অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৩ অক্টোবর রাত ৮টার দিকে রমনা শপিং কমপ্লেক্সের বিপরীত পাশে দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। এ ঘটনায় রমনা মডেল থানায় বিস্ফোরক আইনে মামলা হয়।

ঘটনার তদন্তে সিসিটিভি ফুটেজ পর্যালোচনা ও গোপন তথ্যের ভিত্তিতে দুইজনের অবস্থান শনাক্ত করে পুলিশ। পরে তাঁদের বাসায় অভিযান চালিয়ে গ্রেপ্তার করা হয়।

উদ্ধার করা চারটি ককটেল পরে ডিএমপির বম্ব ডিসপোজাল ইউনিট ঘটনাস্থলে গিয়ে নিষ্ক্রিয় করে। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA